সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৪ঠা আশ্বিন বুধবার ১৩৪০ সাল।

## এস মা!



এস—মা, তুহিন-শুভ্র শৈল-শিখর থেকে নেমে এস,—শিবরাণী সিংহবাহিনী—মা! এস, পাহাড়ের দুরন্ত মেয়ে—পাথরের কঠিন প্রাণ নিয়ে নেমে এস! এস ত্রিশূলধারিণী, নিশুম্ভ-শুম্ভ-হননী! এস বরাভয়করা রাজরাজেশ্বরী মা!

শরৎশ্রী—বরণডালা সাজাইয়া তোমার আহ্বান করিতেছে—এস মা! শেফালীর আসন পেতে, কাশগুচ্ছের চামর হাতে তোমার আগমন প্রতীক্ষা করিতেছে—এস মা! চন্দ্র-তারকার কর্পূর-বাতি জ্বালিয়া তোমার আরতির আয়োজন করিতেছে—এস মা! কুমুদ-কহ্লারের অঞ্জলি তোমার রাঙা পায়ে ডালি দিতে চঞ্চলা হয়েছে—এস মা!

এস—পাষাণি! এস—রুদ্রাণি! এস—মহাকালী! এস—ষোড়শী-ভুবনেশ্বরী—মা! এস—শান্ত-মধুর-স্নিগ্ধ-সুন্দর; এস—ভীষণা রক্ত-দশনা ভয়ঙ্করী! এস মহিষাসুর-মর্দ্দিনী; এস দশ হস্তে দশ আয়ুধ-ধারিণী! এস সন্তান-স্নেহে ক্ষীর-ধারার অফুরন্ত উৎস পীনোন্নত বক্ষ নিয়ে, এস সিদ্ধি শক্তি ঐশ্বর্য্য ও জ্ঞানের মূর্ত্ত প্রতীক তোমার আত্মজদের সঙ্গে নিয়ে। এস মা, তোমার ভ্রূকুটী-কুটিল রক্ত-চক্ষুর তীক্ষ্ণ মর্ম্মভেদী দৃষ্টি নিয়ে; এস তোমার ভুবন-ভুলান-হাসির জগৎ-শীতল করা জ্যোৎস্নারাশি নিয়ে।

মা, তোমার ঐ রূপের পরিকল্পনায় খড় দড়ি মাটী রঙ দিয়ে আমরা তোমার মূর্ত্তি গড়েছি। সাজান চণ্ডীমণ্ডপে সে মূর্ত্তি প্রতিষ্ঠা করেছি। ধূপ ধুনা অগুরু চন্দনে আকাশ বাতাস গন্ধময় ক'রে ঘিয়ের পঞ্চপ্রদীপ জ্বেলেছি। এস মা, রক্তজবা বিল্বদলে তোমার পূজার উপচার সংগ্রহ করেছি, এস শুদ্ধসত্ত্বগুণময়ী মা, এস ভীষণা ভয়ঙ্করী মা, এস বরাভয়-করা মা, ষোড়শোপচারে আমরা তোমার পূজা করিব। তোমার মৃণ্ময়ী প্রতিমা চিন্ময়ী করিব।

মা, তুমি এস, শুদ্ধাসনে শুদ্ধচিত্তে শ্রদ্ধা ভক্তি প্রীতির নৈবেদ্য সাজাইয়া আমরা মহাপূজায় উপবিষ্ট। এস মা, যূপকাষ্ঠে ষড়রিপু বাঁধিয়াছি—জড়তা আবিলতা পরিহার করিয়াছি। প্রণব মন্ত্রে তোমায় ডাকিতেছি—এস মা! মা, তুমি এস!

ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তুতে॥

---

### অবকাশ গ্রহণ।

চিরাচরিত প্রথানুসারে আমরা দুই সপ্তাহের জন্য অবকাশ গ্রহণ করিলাম।

---

## আগমনী।

আসিবে কি আসিবে না জানিনা জননী,
আসিবে আশায়, কিন্তু মোদের ধমনী
নাচিতেছে জননী গো! বহিছে পুলক,
ধ্রুব সত্য মা আসিবে, নহে অমূলক।
কোথায় যে থাক তুমি জানিনা সন্ধান,
কিরূপ যে ধর তার নাহি সমাধান,
সসীম বুদ্ধিতে ধৃতি অসীমের নাই,
পরমী করণে পঞ্চ মুদ্রা যোগে তাই
আনন্দে আনন্দময়ী তব আগমনী
গান করি আত্মসুখে জগত জননী।
পৌত্তলিক বলি যেবা করে উপহাস
করুক, তাহাতে মোর নাহি কোন ত্রাস;
মহাকাশে থাক যদি ঘটাকাশে দোষ,
বিশ্বরূপে থাক যদি প্রতিমাতে রোষ
কেন যে থাকিবে তা'ত বুঝা বড় ভার;
যেভাবে অখণ্ডব্রহ্মে শুধু নিরাকার,
সেই যদি সেই ব্রহ্মে ভাবিয়া সাকার,
পিতৃমাতৃ কিম্বা কোন উপাস্য ভাবেতে
ব্রহ্মেরই আকার গতি ভক্তি প্রভাবেতে
আত্মমতে করে পূজা অনুরাগ ভরে
সে বিনা তাহার ভাব কে বুঝিবে পরে?
বোধন করিয়া চতুর্দ্দলে মূলাধারে
হৃদি পদ্মে মহাসুখে স্থাপি শেষে তাঁরে
সহস্রারে মহাপদ্মে করি সংযোজন
চতুর্ব্বিংশ তত্ত্ব তাহে করি সম্মিলন
চিত্তরূপ মহাপুষ্পে প্রাণরূপ ধূপে
মৃন্ময়ী প্রতিমা পূজি চিন্ময়ী স্বরূপে
হৃদয়স্থ দেবতা ও প্রতিমাস্থ দেবে
ভক্তির প্রভাবে এক অভেদাত্মা ভেবে
শিববীর্য্য স্বরূপাগ্নি মহাযোনী মুখে
সাধক নিঃক্ষেপে যবে প্রতিমা সম্মুখে
সে ভাব বুঝিবে কোন্ অজ্ঞ অসাধকে
চিত্ত যার ঘুরে সদা সংশয়ের পাকে।
যদি সত্য কৃপা করি আসিবে মা তারা
আমাদের এ ভারতে ওগো ভব দারা
অধীনের গৃহে শক্তিরূপে দেমা দেখা
দেমা শক্তি, ভক্তি, আশা আলোকের রেখা
যা ফুটেছে, নির্ব্বাপণ ক'রোনা মা তারে,
দুস্তর দারিদ্র্য দুঃখ মহা পারাবারে
শ্রীচরণ-তরী যোগে করি দেমা পার;
এ অসহ্য মহা দুঃখ সহে না মা আর।

শ্রীশরচ্চন্দ্র মুখোপাধ্যায়,
রঘুনাথগঞ্জ।

---

## প্রার্থনা।

তব চরণ কমল দিয়া বিল্বদলে
পূজিতে বাসনা তারা।
সবে মিলে তাই এসেছি ভারতে
অধম সন্তান মোরা॥
ভজন সাধন নাই কোন বল
ভরসা কেবল জননী।
হইয়ে সদয়া দাও মা অভয়া
অভয় পদ দুখানী॥

অজ্ঞান তামসী ভবানী, প্রকাশ
মহিমা রাশি।
জ্ঞান গগনে উদিত হউক মা
পূর্ণ জ্ঞান শশি॥
মোহ কালিমা ঘুচায়ে দাও মা
পুণ্য কিরণ দানে।
মলিন মর্ম্ম মুছায়ে দাও মা
শকতি দাও মা প্রাণে॥
তোমার মহিমা গুণ গরিমা
গাইতে চপলা চিত।
নত শিরে তাই ডাকি মা তোমায়
কায়মনে অবিরত॥
ভজন সাধন নাই কোন গুণ
কি দিয়া তুষিব তোমা।
নিজ কৃপাগুণে তব গুণগানে
শকতি দাওমা শ্যামা॥

স্বত্বঃ রজঃ তমঃ ত্রিগুণ ধারিণী
ত্রিতাপ নাশিনী তারা।
সৃষ্টি স্থিতি আদি প্রলয়কারিণী
দয়াময়ী দুঃখহরা॥
তুমি মা বিদ্যা তুমি মা অবিদ্যা
আদ্যাশক্তি মহামায়া।
এস এস উমা হর মনোরমা
দেহ দাসে পদ ছায়া॥

শ্রীঅন্নদাকুমার তন্ত্ররত্ন,
লালগোলা, মুর্শিদাবাদ।

---

## জয়-গান।

( শ্রীজহরলাল বক্সী বি-এ-লিখিত )

শরতের প্রাতে গাহি গো জননী
জয় জয় তব জয়,
মোদের কণ্ঠে তব যশোগান
নাহি'ক কিসের ভয়।
আসিয়াছ তুমি অভাগার ঘরে
বরিব যতন করি,
পূজিবার তরে ফল-ফুল-রাশ
রেখেছি কানন ভরি,—
চেয়ে দেখ মা গো আঁখি দু'টি মেলি
আমার হৃদয় পানে
দিবানিশি জেগে পরাণ আমার
ভরেছি তোমার গানে;—
এসেছে শরৎ বাঙ্গালীর ঘরে
উড়ায়ে আঁচল-খানি
ফুলের সুবাসে ভাসিয়া আসিছে
প্রাণের গোপন-বাণী,
পরাণ খুলিয়া দেখগো জননী
কেটেছে আঁধার ঘোর
আশা-ভরা বুকে সহিব সকল
মুছিব আঁখির লোর।
মিলনের বাঁশী উঠেছে বাজিয়া
শোন্‌রে পাতিয়া কাণ,
ভাই ভাই মিলি দাঁড়াবো সকলে
বাঁচাবো তোমার মান;
ঘরছাড়া হায়! আয়রে সকলে
মায়েরে হেরিবি আজ,
মা'র পূজা হবে আয় ত্বরা করে
নাহিকো কিসেরো লাজ,
বিশ্বের দ্বারে নিঃস্ব বাঙ্গালী
গাহিবে তোমার গান,
হৃদয় ভরিয়া উঠিতেছে তাই
অজানা মধুর তান।

---

## জঙ্গিপুর কৃষি ও শিল্প প্রদর্শনী।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে আগামী ১৯৩৪ সালের জানুয়ারী মাসে দ্বিতীয়বার জঙ্গিপুর কৃষি ও শিল্প প্রদর্শনী হইবে। আশা করি কৃষি ব্যবসায়ী ও শিল্পিগণ প্রদর্শনীতে প্রদর্শন যোগ্য বিবিধ দ্রব্য প্রস্তত করিবেন কৃষিজাত দ্রব্যের জন্য ও শিল্পজাত দ্রব্যের জন্য পৃথক পৃথক বিভাগ হইবে। বিস্তৃত বিবরণ জানিবার জন্য জঙ্গিপুর কো অপারেটিভ সেণ্ট্রাল ব্যাঙ্কে অনুসন্ধান করিবেন।

শ্রীদ্বিজপদ চট্টোপাধ্যায়,
শ্রীহেমন্তকুমার সরকার,
সেক্রেটারী,
জঙ্গিপুর কৃষি ও শিল্পী প্রদর্শনী।

